

Lesson 13

Punctuation and Capitalization

Objectives :



At the end of this lesson you will be able to :

- ⑤ realize what punctuation and capitalization mean.
- ⑤ find out different punctuations.
- ⑤ use of capitalisation.
- ⑤ solve exercise.

আমরা কথা বলে বা লিখে মনের ভাব প্রকাশ করতে গিয়ে মাঝে মাঝে থামি বা বিরাম গ্রহণ করি। এ থামা বা বিরাম গ্রহণ করবার নির্দেশ দেয়ার জন্য যে সব চিহ্ন ব্যবহার করা হয় সেগুলিকে একসাথে Marks of Punctuation বা (বিরাম চিহ্ন) বলে। এসব বিরাম চিহ্ন সঠিক স্থানে সঠিক ব্যবহার করা না হলে অর্থবোধে অসুবিধা হয়। বিরাম চিহ্ন ছাড়া অর্থবোধই কঠিন হয়ে পড়ে।

নীচে প্রধান প্রধান বিরাম চিহ্নগুলি দেয়া হল :

1. Comma (,)
2. Full Stop (.)
3. Semicolon (;)
4. Colon (:)
5. Inverted Comma ("—")
6. Note of Interrogation (?)
7. Note of Exclamation (!)
8. Apostrophe (')
9. Hyphen (-)
10. Dash (-)

1. Comma (,)

- (i) একই জাতীয় কতকগুলি শব্দ একস্থানে পর পর বসলে সেগুলিকে পৃথক করতে Comma ব্যবহার করতে হয়। যথা- Alam, Abu and Amina are coming. I bought fish, vegetables, rice, sugar and ghee.

কিন্তু এক জাতীয় দুটি শব্দ একত্রে বসলে and দ্বারা যোগ করা হয় এবং Comma বসে না।

- (ii) Case in apposition- কে Comma দিয়ে পৃথক করা হয়।
Mr. Murshed, our Headmaster, is a good man.

- (iii) Case of, Adress (সম্বোধন পদ)-কে Comma দিয়ে মূল Sentence হতে পৃথক করা হয়।
Jalil, you may take this.
- (iv) জোড়ায় জোড়ায় শব্দ ব্যবহৃত হলে প্রতি জোড়া বিচ্ছিন্ন করবার জন্য High and low, rich and poor, wise and fool.
- (v) Absolute বাক্যাংশের পরে The sun having set, we started for home. Dinner being over, the guests left the table.
- (vi) বাক্যের মধ্যে সন্নিবেশিত কোন Word বা Words-কে বিচ্ছিন্ন করতে : I shall, however, help you.
- (vii) উদ্ভূতির আগে যে Verb থাকে তার পরে Comma বসে : He said, "I shall help you."

2. Full Stop- (.)

- (i) Assertive ও Optative Sentence-এর শেষে Full Stop বসে। যথা-
- (a) I am a boy.
(b) They went to Dhaka.
(c) He does not know me.
(d) May you live long.
(e) God save the president.
- (ii) কোন Word কোন লোকের, কোন বস্তুর বা কোন কিছুর নাম সংক্ষেপে লিখলে, সংক্ষেপে লেখা বর্ণগুলির Full Stop পরে বসেঃ
S. A. Wahab, B.A. Habib Khan, B.A, M.A. ইত্যাদি।

3. Semi-Colon (;)

Sentence-এর দুটি অংশের মধ্যে নিকট সম্পর্ক থাকলে 'Semi-colon' দিয়ে পৃথক করা হয়।

- (a) Work hard; other wise you will fail.
(b) He was late for school; therefore, he missed a lesson.

4. Colon- (:)

- (i) পূর্ববর্তী Sentence-এর বিষয়ে কোন প্রমাণ বা কারণ দেখাতে colon-এর ব্যবহার হয়। যেমনঃ
(a) I know him well : We lived together for five years.
(b) He cried out : What a sad thing!
- (ii) দৃষ্টান্ত, উদাহরণ, ব্যাখ্যা ইত্যাদির আগে Colon বসে। Verbs are of two kinds : Transitive and Intransitive.

5. Inverted Comma ("—")

(উদ্ভূতি চিহ্ন)

কারো কথা অবিকল প্রকাশ করতে হলে তাকে Inverted Comma-এর মধ্যে রাখতে হয়। যেমন :

- (a) Rahim said to me, "I shall meet you today."
(b) I said to Karim, "I am glad to see you."

6. Note of Interrogation-(?)

(প্রশ্নবোধক চিহ্ন)

প্রশ্ন জিজ্ঞাসা করা হলে Interrogative Sentence-এর শেষে Note of Interrogation ব্যবহৃত হয়ে থাকে। যেমন :

- (a) Who are you?
- (b) Have you done this work?

7. Note of Exclamation (!)

(আবেগ সূচক চিহ্ন)

- (i) যে Sentence হর্ষ, বিবাদ, বিস্ময়, প্রভৃতি মনের আবেগ বুঝায় (Exclamatory), তার শেষে note of Exclamation বসে।
 - (a) What a fine picture ! - আনন্দ।
 - (b) What a sad news it is! - দুঃখ।
- (ii) Exclamatory Sentence-এর আবেগ বোধক শব্দের পরে বসে-
 - (a) Alas! the baby is dead!

8. Apostrophe (')

- (i) Possessive Case বা সম্বন্ধ পদের পরে apostrophe সহ S বসে।
 - (a) This is a children's park.
 - (b) It is my sister's house.
- (ii) যোগ্যতা বোধক বর্ণের বহুবচনে : Apostrophe ব্যবহার করা হয় : B.A.'S, M A.'S.
- (iii) কোন Word-এ কোন বর্ণ বা বর্ণ সমষ্টি লুপ্ত হলে তা লেখতে Apostrophe ব্যবহার হয় :
 - (a) Don't (do not) waste your time.
 - (b) I've (I have) a costly clock.

9. Hyphen (-)

- (i) Compound word গঠন করতে -hyphen ব্যবহার করা হয় :
 - (a) My father-in-law is a wise man.
 - (b) The commander-in-chief of England.

10. Dash (-)

- (i) চিন্তার বা ভাবের আকস্মিক পরিবর্তনে- যথা :
If my father were alive - but why I pine for Past.
- (ii) ব্যাখ্যা দেওয়ার জন্য ব্যবহৃত শব্দসমূহকে পৃথক করতে - যথা :
I bought many things- pen, papers, books etc.
- (iii) বাক্যের অসংলগ্ন অংশ জুড়ে দিতে দু'পাশে দু'টি Dash ব্যবহৃত হয়ে থাকে। যথা :
All the boys- regular and irregular- have come.

Use of Capital Letters

- (i) Sentence-এর প্রথম শব্দের প্রথম অক্ষর Capital Letter হয়। যেমন :
 - (a) He is a boy.
 - (b) The boy reads a book.

- (ii) আমি অর্থে I সব সময় Capital Letter-এর হয় :
(a) He came and I went with him.
(b) You, he and I am after all brothers.
- (iii) Allah এবং এর পরিবর্তে ব্যবহৃত সব Noun, Pronoun এবং Passive-এর প্রতি word এর প্রথম বর্ণ Capital Letter-এর হয় :
(a) Allah is our creater and He has given us every thing.
(b) Pray to Allah (god) for His mercy.
- (iv) Proper noun ও Proper Adjective-এর প্রতি শব্দের প্রথম বর্ণ Capital Letter এর হয় ।
(a) We like Bangladeshi goods.
(b) It is made of English wool.
- (v) উপাধির প্রতি শব্দের বর্ণ কিংবা এদের জন্য সংক্ষেপে বর্ণগুলি Capital Letter এর হয় ।
(a) He is a Bachelor of Arts.
(b) Shahida is an M.A.
- (vi) কোন প্রাণহীন বস্তুতে ব্যক্তিত্ব আরোপ করলে তার প্রথম অক্ষর Capital Letter এর হয় । যেমন
O. Death! I fear thee not.
- (vii) উদ্ধৃতি চিহ্নের বা Inverted comma-এর মধ্যের বাক্যটির প্রথম শব্দের প্রথম অক্ষর Capital Letter এর হয় ।
(a) Arif say, "Man is mortal."
- (viii) কবিতার প্রতি পংক্তির বা লাইনের প্রথম শব্দের প্রথম বর্ণ Capital Letter-এর হয় ।
(a) Little Jack Horner.
(b) Sat in a corner.
(c) Eating his Christmas cake.

EXERCISE

1. প্রয়োজন মত Capital Letter ও Full stop বসানো ।
Rahman is a good boy he goes to college everyday all love him he has many books some books are red some are green he has a fountain pen.
2. প্রয়োজন মত Capital letters এবং Note of Interrogation ব্যবহার কর :
have you learnt your lesson have you done the home tasks when are you going to start for school may I accompany you have you any programme to play in the afternoon.
3. আবশ্যিক মত Comma বসানো :
Shimul Ruma Maknun and Rishat are sisters Asif my brother is very clever. Nahid Asif and Ahmed are going to the path. Mostofa come here.
4. বিরাম চিহ্ন বসিয়ে নিচের Sentence-গুলো আবার লিখ :
Where are you going matin I am going to asif why are you going there he had written me to play football with I am willing to go with you Thanks I am grateful to you.